৪৪তম বিসিএসে ৩৯৩০ জনের মৌখিক পরীক্ষা বাতিল

written by Chandradip News24 | November 19, 2024

৪৪তম বিসিএস পরীক্ষার ৩,৯৩০ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা বাতিল করেছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। এই প্রার্থীদের মৌখিক পরীক্ষা পূর্বের কমিশন কর্তৃক নেওয়া হয়েছিল, তবে পরবর্তী সিদ্ধান্তে তা বাতিল করে নতুন করে মৌখিক পরীক্ষা গ্রহণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাকি ১১,৭৩২ জন প্রার্থীর মৌখিক পরীক্ষার তারিখ শিগগিরই ঘোষণা করা হবে।

সোমবার (১৮ নভেম্বর) এক প্রেস বিজ্ঞপ্তিতে সরকারি কর্ম কমিশন জানায়, ৪৪তম বিসিএসের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ১১,৭৩২ জন প্রার্থীর মধ্যে ৩,৯৩০ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা ১৮ জুলাই পর্যন্ত অনুষ্ঠিত হয়েছিল। পরবর্তীতে ২৫ আগস্ট মৌখিক পরীক্ষা স্থগিত করা হয়। ৮ অক্টোবর তৎকালীন কমিশনের পদত্যাগের পর নতুন সিদ্ধান্ত অনুযায়ী, পূর্বের কমিশন কর্তৃক গৃহীত ৩,৯৩০ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা বাতিল করা হয়।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, “লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীর জন্য এবার মৌখিক পরীক্ষা নেয়া হবে। নতুন মৌখিক পরীক্ষার তারিখ শিগগিরই জানানো হবে।”

[illegible]: [illegible]
[illegible], [illegible] [illegible] [illegible]